

## AKASHVANI (Kolkata)

### Regional News Unit

**Date : 07-02-2026**

**Desk in Charge : Kalyan L.**

**Time : 1-40 PM**

**Compiling :-Subhankar B. /PPM**

**DEO: KB**

**NRT : PPM**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

### বিশেষ বিশেষ খবরঃ-

- ১/ পশ্চিমবঙ্গের সপ্তদশ বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশনের আজ শেষ দিন।  
# বিধায়ক অগ্নিমিত্রা পালের মন্তব্যকে কেন্দ্র করে 'স্বাধিকার ভঙ্গের' প্রস্তাব পেশ হলে বিজেপি বিধায়করা এর প্রতিবাদে ওয়াকআউট করেন।
- ২/ রাজ্যে SIR প্রক্রিয়ার শুনানি পর্ব আজ শেষ হওয়ার কথা থাকলেও, বিভিন্ন জেলা থেকে সময়সীমা বাড়ানোর আর্জি জানানো হয়েছে।
- ৩/ বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, নির্বাচনী ইস্তেহার প্রকাশে মানুষের মতামত গ্রহণের জন্য একটি মেল আইডি প্রকাশ করেছেন।
- ৪/ তাপমাত্রার পারদ কিছুটা কমায় সারা রাজ্যেই শীতের আমেজ।
- ৫/ দশম T-20 বিশ্বকাপ ক্রিকেটের প্রথম ম্যাচে ভারত আজ মুম্বাই-এ মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে খলতে নামবে। # কলকাতার ইডেনে ওয়েস্ট ইন্ডিজ খেলবে স্কটল্যান্ডের বিরুদ্ধে।

\*\*\*\*\*

আজ সপ্তদশ বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশনের আজ শেষ দিন।

বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পালের সংখ্যালঘুদের নিয়ে মন্তব্যকে ঘিরে বিধানসভায় আজ নতুন করে রাজনৈতিক উত্তেজনা তৈরি হয়। শোভনদেব চট্টোপাধ্যায়, পুলক রায় এবং মলয় ভট্টাচার্য, ‘স্বাধিকার ভঙ্গের’ প্রস্তাব পেশ করলে বিজেপি বিধায়করা, প্রতিবাদে ওয়াকআউট করেন।

গতকাল বাজেট বিতর্কের সময় বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল সংখ্যালঘু ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের বাজেট নিয়ে বিধানসভায় বিতর্কিত মন্তব্য করলে সরকার ও বিরোধী পক্ষের মধ্যে তীব্র সংঘাত বাধে। সেই ঘটনার প্রেক্ষিতেই আজ অধিবেশনের শুরুতে স্বাধিকার ভঙ্গের প্রস্তাব আনা হয়।

পরিস্থিতি নিয়ে মন্তব্য করতে গিয়ে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানান, স্বাধিকার ভঙ্গের প্রস্তাব তাঁর বিবেচনায় রয়েছে এবং বিধানসভার নিয়ম মেনেই পরবর্তী পদক্ষেপ করা হবে।

সপ্তদশ বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশনের শেষ দিনে বেশ কয়েকটি বিল পেশ হয়েছে। আরও দুটি বিল নিয়ে আলোচনা চলছে।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর কাজের সঙ্গে যুক্ত আধিকারিক ও কর্মীদের সাম্মানিক দ্রুত মেটানোর নির্দেশ দিল নির্বাচন কমিশন। এ নিয়ে রাজ্যের মুখ্যসচিবকে চিঠি পাঠিয়েছে কমিশন।

চিঠিতে কমিশন জানিয়েছে, নির্বাচনী নিবন্ধন আধিকারিক, সহকারী নির্বাচনী নিবন্ধন আধিকারিক, বুথ লেভেল অফিসার ও সুপারভাইজারদের সাম্মানিক নির্ধারণ সংক্রান্ত আগের নির্দেশিকা অনুযায়ী দ্রুত অর্থ মেটাতে হবে। এর আগে এ বিষয়ে কমিশনের তরফে রাজ্যকে জানানো হলেও এখনও পর্যন্ত বকেয়া মেটানোর কোনও খবর পাওয়া যায়নি বলে উল্লেখ করা হয়েছে।

ফলে পুনরায় নির্দেশ দিয়ে কমিশন জানিয়েছে, সংশ্লিষ্ট আধিকারিক ও কর্মীদের বকেয়া সাম্মানিক অবিলম্বে মিটিয়ে দিতে হবে এবং এক্ষেত্রে আর কোনও বিলম্ব

করা চলবে না। এই বিষয়ে মুখ্য নির্বাচনী আধিকারিককেও চিঠির অনুলিপি পাঠানো হয়েছে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে।

\*\*\*\*\*

বিজেপি তাদের সংকল্পপত্র বা নির্বাচনী ইশতেহার প্রকাশের জন্য সর্বস্তরের মানুষের মতামত গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এই মতামত গ্রহণের জন্য একটি ইমেইল আইডি-র উদ্বোধন করেন।

তিনি বলেন, 'সংকল্প ডট ডাবলিউ বি ২০২৬ অ্যাট দ্য রেট বিজেপি বেঙ্গল ডট ওআরজি' এই ইমেইল আইডিতে প্রত্যেকের তাদের মতামত জানাতে পারবে। সকলের মতামত ও পরামর্শ নিয়েই সংকল্পপত্র তৈরি হবে। এক প্রশ্নের উত্তরে রাজ্য সভাপতি জানান, এর আগেও সকলের মতামত নিয়ে সংকল্প পত্র তৈরি করা হয়েছে। তবে এবার সমাজের সর্বস্তরের মানুষের মতামত নেওয়া হবে।

\*\*\*\*\*

বিভিন্ন জেলা থেকে আসা আবেদনের ভিত্তিতে সব কিছু খতিয়ে দেখে রাজ্য সরকার সরকারি ও বেসরকারি জমিতে থাকা আরও বারোটি উদ্বাস্তু কলোনি কে স্বীকৃতি দিয়েছে।

উত্তর দিনাজপুরের বীরনগর কলোনি, দক্ষিণ ২৪ পরগনার কামরা কলোনি, আনন্দময়ী পার্ক উদ্বাস্তু কলোনি, রামকৃষ্ণপল্লী কলোনি, সুকান্ত সরণি উদ্বাস্তু কলোনি ছাড়াও উত্তর চব্বিশ পরগনার দ্বিজহরি স্কোয়ার কলোনি, চাষিপাড়া কলোনির মতো এই কলোনি গুলিতে বসবাসকারী বাসিন্দাদের হাতে ধাপে ধাপে বসবাসের শংসাপত্র তুলে দেওয়া হবে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

\*\*\*\*\*

আন্তর্জাতিক মহিলা কৃষক বর্ষ উদযাপন উপলক্ষে আজ রাজ্য এগ্রিকালচারাল টেকনোলজিস্টস সার্ভিস এসোসিয়েশন রাজ্যের বিভিন্ন প্রান্তের মহিলা কৃষি ও কৃষি সংগঠনকে সম্মাননা জানায়। সংগঠনের ৭৫ তম বর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠান থেকে

কৃষি অনন্যা পুরস্কারে ভূষিত করা হয় উত্তর ২৪ পরগনার সমাপ্তি মন্ডল, মুর্শিদাবাদের মহিলা কৃষক মৌসুমী বিশ্বাস, নদীয়ার তাপসী রায়, পুরুলিয়ার লক্ষ্য কর্মকার এবং কোচবিহার জেলায় হোসেনয়ারা বিবি কে। উত্তর ২৪ পরগনার সমাপ্তি বলেন, প্রযুক্তি নির্ভর কৃষি কাজের ফলে বেড়েছে উৎপাদন। সাধারণ মহিলা থেকে আজ কৃষি অনন্যা হয়ে ওঠার জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান।

( বাইট- ফার্মার সমাপ্তি )

\*\*\*\*\*

প্রাথমিক শিক্ষা পর্ষদ জানিয়েছে, প্রাথমিক স্কুলে ভিন্নভাবে সক্ষমদের জন্য স্পেশ্যাল এডুকেটর নিয়োগের পরীক্ষা হবে আগামী ২২ ফেব্রুয়ারি। ২৩০৮ টি শূন্যপদের জন্য পরীক্ষার্থীর সংখ্যা ৩১৩১ জন। দুপুর ১২টা থেকে আড়াইটে পর্যন্ত পরীক্ষা নেওয়া হবে। উল্লেখ্য, এই পরীক্ষার আবেদনকারীদের আরসিআই অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ডিএলএড স্পেশাল কোর্স পাস করা বাধ্যতামূলক। সেই সঙ্গে পড়ানোর জন্য ছ'মাসের প্রশিক্ষণও থাকতে হবে।

\*\*\*\*\*

তাপমাত্রার পারদ কিছুটা কমায় সারা রাজ্যেই শীতের আমেজ। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা অনেকটা কম। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস যার স্বাভাবিকের থেকে ২ দশমিক ৫ ডিগ্রি কম। আগামী ৭ দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

\*\*\*\*\*

যাত্রীদের নিরাপত্তায় জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা এবং হাওড়ার মধ্যে সংযোগকারী বিদ্যাসাগর সেতু আরো এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী রবিবার সকাল ছয়টা থেকে সন্ধ্যা ছটা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে বলে আজ কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সময়ে এই সেতুর উপর দিয়ে চলাচলকারী যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

\*\*\*\*\*

পার্শ্ব শিক্ষকদের ভাতা বৃদ্ধির বিষয়ে রাজ্য সরকারের কাছে পুনর্বিবেচনার আবেদন জানিয়েছে পার্শ্ব শিক্ষক ঐক্য মঞ্চ। এক বিবৃতিতে মঞ্চের আহ্বায়ক ভগীরথ ঘোষ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে ধন্যবাদ জানিয়েও তাঁর উদ্দেশে বলেন, দীর্ঘদিন বিদ্যালয়ে পড়ানোর পর পার্শ্ব শিক্ষকদের জন্য এই এক হাজার টাকা দান অত্যন্ত হতাশাজনক।

\*\*\*\*\*

ইউজিসি নেট পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। জুনিয়র রিসার্চ ফেলো এবং সহকারী অধ্যাপক পদের জন্য ৫১০৮ জন পাস করেছেন। সহকারী অধ্যাপক ও পিএইচডিতে ভর্তির জন্য উত্তীর্ণ হয়েছেন ৫৪ হাজার ৭১৩ জন। শুধুমাত্র পিএইচডির জন্য উত্তীর্ণ হয়েছেন ১ লক্ষ ১৭ হাজার ৫৮ জন। ৭ লক্ষ ৩৫ হাজার পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছিলেন। [ugcnet.nta.nic.in](http://ugcnet.nta.nic.in) ওয়েবসাইটে ফলাফল দেখতে পারবেন পরীক্ষার্থীরা।

\*\*\*\*\*

জলপাইগুড়ি কৃষিবিজ্ঞান কেন্দ্রে, কেন্দ্রীয় সরকারের ‘ন্যাশনাল মিশন অফ অয়েল সীড’ প্রোগ্রামের প্রশিক্ষণ চলছে। ৬০জন কৃষক এখানে প্রশিক্ষণ নিচ্ছেন। কেন্দ্রের শস্য বিজ্ঞান বিশেষজ্ঞ কৌশিক পাল জানিয়েছেন, চলতি আর্থিক বছরে একশ হেক্টর জমি বাদাম চাষের জন্য নির্দিষ্ট করা হয়েছে। এলাকার কৃষকদের দুদিনব্যাপি প্রশিক্ষণের পর একশ হেক্টর জমির সয়েল টেষ্ট করা হবে কৃষিবিজ্ঞান কেন্দ্রের ল্যাবরেটরিতে সেই রিপোর্ট কৃষকদের কাছে যাবে।

প্রশিক্ষণ শেষে তাদের হাতে বীজ ও চাষের অন্যান্য সামগ্রী তুলে দেওয়া হয়। এই বছরে ৩০০শোর বেশী কৃষককে অয়েল সীড ও চাষের অন্যান্য সামগ্রী প্রদান করা হচ্ছে। কৃষিবিজ্ঞান কেন্দ্রের প্রধান গবেষক ডাঃ বিপ্লব সরকার জানানেন, নদী সংলগ্ন এলাকা, বেলে, দো-আঁশ মাটিতে বাদাম চাষ ভাল হয়। জেলার জলঢাকা, তিস্তা পানবাড়ি, গাজোলডোবা, বার্মিশ তিস্তাপারের বিভিন্ন এলাকাতেও বাদাম চাষ ভাল হয়।

\*\*\*\*\*

দশম টি টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেট আজ শুরু হচ্ছে। গতবারের বিজয়ী ভারত প্রথম দিনে গ্রুপ এ-র ম্যাচে মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে মাঠে নামছে। মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

ইডেন গার্ডেন্স-এ ওয়েস্ট ইন্ডিজ, টি টোয়েন্টি বিশ্বকাপে স্কটল্যান্ডের মুখোমুখি হবে। খেলা শুরু বিকেল তিনটেয়। কলম্বোর সিংহলীজ স্পোর্টস স্টেডিয়ামে গ্রুপ সি-র ম্যাচে পাকিস্তান ও নেদারল্যান্ড এর ম্যাচটি শুরু হবে সকাল ১১ টায়।

\*\*\*\*\*